JAN 24 2001

# 'শিক্ষিতের হার বৃদ্ধি পাইলেও শিক্ষার কোন গুণগত পরিবর্তন হয় নাই'

চট্টগ্রাম অফিস ।। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও বিশিষ্ট উদ্ভিদ বিজ্ঞানী প্রফেসর আব্দুল আজিজ খান বলেন, বৃটিশ আমল হইতে বর্তমান সময় পর্যন্ত শিক্ষিতের হার ক্রমান্বয়ে বৃদ্ধি পাইলেও শিক্ষার ক্ষেত্রে গুণগত কোন পরিবর্তন হয় নাই। তিনি গত ২০শে জানুয়ারী উদ্ভিদ বিজ্ঞান সমিতির ২ দিনব্যাপী বার্ষিক সম্মেলন ২০০১ এর উদ্বোধনী অনষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন। বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আবদুল মান্নানের সভাপতিত্বে এ সম্মেলনে প্রো-ভিসি ডঃ আবু ইউসুফ আলম, প্রফেসর মোহাম্মদ নুরুল মোস্তফা, বাংলাদেশ উদ্ভিদ বিজ্ঞান সমিতির সভাপতি এম আরসাদ আলী, মহাসচিব প্রফেসর এম আবুল বাশার, প্রফেসর এসকে পাশা বক্তব্য রাখেন। অনুষ্ঠানে মূল প্রবন্ধ পাঠ করেন প্রফেসর এম ছালাম খান।